

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪  
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

## MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: বিমানবন্দর রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং পূর্বাচল রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট স্টেশন (আন্ডারগ্রাউন্ড) সংখ্যা ১২টি। এ রুটেই বাংলাদেশে প্রথম পাতাল রেল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ এলিভেটেড এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। উভয় রুটের Feasibility Study, Environment Impact Assessment (EIA), Resettlement Action Plan (RAP), Traffic Survey, Hydrology Survey ও Basic Design সম্পন্ন হয়েছে। Utility Relocation Survey, Topographic Survey, Geo Survey ও Detailed Design চলছে। ডিপোর Land Acquisition প্রক্রিয়াধীন আছে। বিনিয়োগ প্রকল্পের DPP অনুমোদনের নিমিত্ত পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। ২০২৬ সালের মধ্যে উভয় রুট নির্মাণে প্রাক্কলিত ব্যয় ৫২,৫৬১.৪৩ কোটি টাকা। গত ২৯ মে ২০১৯ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে জাপানে মোট ঋণ চুক্তির ৩৮ হাজার ৬ কোটি টাকার মধ্যে প্রথম Tranche হিসেবে ৩ হাজার ৮ শত ৯৫ কোটি টাকার ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

### MRT Line-1: বিমানবন্দর রুট

বিমানবন্দর রুটের এলাইনমেন্ট হল: বিমানবন্দর-বিমানবন্দর টার্মিনাল ৩-খিলক্ষেত-যমুনা ফিউচার পার্ক-নতুন বাজার-উত্তর বাড্ডা-বাড্ডা-হাতিরঝিল-রামপুরা-মালিবাগ-রাজারবাগ-কমলাপুর।

### MRT Line-1: পূর্বাচল রুট

পূর্বাচল রুটের এলাইনমেন্ট হল: নতুন বাজার-যমুনা ফিউচার পার্ক-বসুন্ধরা-পুলিশ অফিসার্স হাউজিং সোসাইটি-মান্ডুল-পূর্বাচল পশ্চিম-পূর্বাচল সেন্টার-পূর্বাচল পূর্ব-পূর্বাচল টার্মিনাল-পিতলগঞ্জ ডিপো।